

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.৪৫.২৬৯০.০৭০.০৬.০০৭.২০২৬-৪৪

তারিখ ০৮ বৈশাখ, ১৪৩৩
২১ এপ্রিল, ২০২৬

প্রজ্ঞাপন


দেশব্যাপী স্বাস্থ্যসেবার ডিজিটাল রূপান্তর ত্বরান্বিতকরণ, নাগরিকদের জন্য একটি ইউনিক হেলথ আইডি নিশ্চিতকরণ এবং প্রাথমিক, মাধ্যমিক ও তৃতীয় পর্যায়ের স্বাস্থ্যসেবার মধ্যে সমন্বিত তথ্য বিনিময় ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে জাতীয় ই-হেলথ কার্ড সিস্টেমের আর্কিটেকচার ডিজাইন, প্রযুক্তিগত কাঠামো ও বাস্তবায়ন রোডম্যাপ প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে কমিটি পুনর্গঠন করা হলো:

- | | |
|---|--------------|
| ০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : সভাপতি |
| ০২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : সদস্য সচিব |
| ০৩. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | : সদস্য |
| ০৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ | : সদস্য |
| ০৫. ড. জিয়াউদ্দিন হায়দার, বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা এবং সাবেক সিনিয়র হেলথ স্পেশালিস্ট, ওয়ার্ল্ড ব্যাংক | : সদস্য |
| ০৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | : সদস্য |
| ০৭. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : সদস্য |
| ০৮. মহাপরিচালক, তথ্য প্রযুক্তি অধিদপ্তর | : সদস্য |
| ০৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় পত্র নিবন্ধন অনুবিভাগ, বাংলাদেশ নির্বাচন কমিশন | : সদস্য |

কমিটির কার্যপরিধি

- জাতীয় ই-হেলথ কার্ড সিস্টেমের সামগ্রিক ডিজিটাল আর্কিটেকচার ও প্রযুক্তিগত কাঠামো নির্ধারণ করা;
 - ই-হেলথ কার্ড, ই-রেফারেল সিস্টেম ও সমন্বিত রোগী ব্যবস্থাপনা ব্যবস্থা পদ্ধতি চালুকরণ এবং এদের মধ্যে আন্তঃসংযোগ কাঠামো নির্ধারণ করা;
 - জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন, স্বাস্থ্য তথ্য ব্যবস্থা (DHIS2), হাসপাতাল ব্যবস্থাপনা সিস্টেমসহ অন্যান্য প্রাসঙ্গিক সরকারি ডাটাবেজের সাথে ইন্টারঅপারেবিলিটি কাঠামো নির্ধারণ করা;
 - তথ্য নিরাপত্তা, গোপনীয়তা ও ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য সুরক্ষার জন্য প্রযুক্তিগত ও নীতিগত মানদণ্ড প্রণয়ন করা;
 - ই-হেলথ কার্ড সিস্টেম বাস্তবায়নের জন্য ধাপে ধাপে বাস্তবায়ন রোডম্যাপ, সময়সূচি ও দায়িত্ব বন্টন প্রণয়ন করা;
 - পাইলট প্রকল্প বাস্তবায়নের জন্য উপযুক্ত জেলা ও স্বাস্থ্য প্রতিষ্ঠান নির্বাচন সংক্রান্ত সুপারিশ প্রদান করা;
 - কমিটি ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে; এবং
 - প্রয়োজনবোধে কমিটি যে কোনো বিশেষজ্ঞ বা প্রতিনিধিকে কো-অপ্ট করতে পারবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

 ২১/০৪/২০২৬

হাবিবুল হাসান

পরিচালক-৩ (প্রতিকল্প)

ফোনঃ ৫৫০২৯৪২৩

ই-মেইল: dir3@pmo.gov.bd

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পাতা/২

:২:

০৫. ড. জিয়াউদ্দিন হায়দার, বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা এবং সাবেক সিনিয়র হেলথ স্পেশালিস্ট, ওয়ার্ল্ড ব্যাংক।
০৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৭. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা।
০৮. মহাপরিচালক, তথ্য প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় পত্র নিবন্ধন অনুবিভাগ, বাংলাদেশ নির্বাচন কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির ৫০ কপি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।

অনুলিপি: সদয় অবগতির জন্য

০১. মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২. মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. নথি।